



## সেন্টমার্টিনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বৃক্ষরোপণ কর্মসূচি



৫ মার্চ ২০২৪- বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থীরা তাদের শিক্ষা সফর ও ফিল্ড ওয়ার্কের অংশ হিসেবে বাংলাদেশের অনন্য সম্পদ ও একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিনে বৃক্ষরোপণ কর্মসূচি সম্পন্ন করে।

বর্তমান সময়ে আমাদের এই দ্বীপ পরিবেশগতভাবে বিপর্যয়ের মুখে। যত্রতত্র পলিথিন, প্লাস্টিক পণ্যের ব্যবহার, বৃক্ষনিধন ও সৈকত সংলগ্ন এলাকায় অতিরিক্ত আলোর ব্যবহার এবং অপরিষ্কৃত স্থাপনার ফলে সেন্টমার্টিনের ইকো সিস্টেম মারাত্মকভাবে বিপন্ন। এই সমস্যা অনুধাবন করে সমাজকর্মের অন্যতম অনুশীলন ক্ষেত্র গ্রীণ সমাজকর্মের আলোকে এই শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক ও শিক্ষার্থীরা দুই দিনের ফিল্ডওয়ার্ক অংশগ্রহণ করে। উক্ত ফিল্ডওয়ার্কের আওতায় স্থানীয় অধিবাসী ও পর্যটকদের মধ্যে সচেতনতামূলক ক্যাম্পেইন, প্লাস্টিক বর্জ্য পরিচ্ছন্নতা কার্যক্রমসহ বৃক্ষরোপণ কর্মসূচি সম্পন্ন করা হয়।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



উক্ত শিক্ষা সফর বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, কমিটির সদস্য সহযোগী অধ্যাপক ও পরিচালক (অর্থ ও হিসাব) ড. মোঃ মহসীন রেজা ও সহকারী অধ্যাপক জনাব মিফতাহুল বারীর তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ব্যাচের শিক্ষার্থীরা ফিল্ড ওয়ার্ক কর্মসূচি সম্পন্ন করে।